গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) আধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

স্মারক নং-৪৫.০০.০০০০.১৪৩.০৬.০০৭.২০- ২১৭

তারিখ: ২৩ ভাদ্র ১৪২৮ / ০৭ সেপ্টেম্বর ২০২১

**বিষয়ঃ স্বাস্থ্য সেবা বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ২০২১-২০২২ অর্থবছরের ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে গত ২৯.০৮.২০২১ তারিখ অনুষ্ঠিত স্বাস্থ্য সেবা বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ২০২১-২০২২ অর্থবছরের ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী এতদসংগে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)। উক্ত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি/গৃহীত কার্যক্রমের হালনাগাদ তথ্যাদি আগামী ৩১.০৯.২০২১ তারিখের মধ্যে হার্ডকপি ও সফটকপি আকারে (ই-মেইল-monitor@hsd.gov.bd) নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৭/৯/২১
(মোহাম্মদ ইকবাল হোসেন)
উপসচিব
ফোন: ৯৫৪০৩৬২
monitor@hsd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২। অতিরিক্ত সচিব (উন্নয়ন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৩। অতিরিক্ত সচিব (হাসপাতাল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪। অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৫। অতিরিক্ত সচিব (বিশ্বস্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৬। অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৭। অতিরিক্ত সচিব (ঔষধ প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৮। অতিরিক্ত সচিব (আর্থিক ব্যবস্থাপনা ও অডিট), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৯। অতিরিক্ত সচিব (বাজেট), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১০। অতিরিক্ত সচিব (পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১১। অতিরিক্ত সচিব (আইন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১২। অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
১৪। মহাপরিচালক, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, তোপখানা রোড, ঢাকা
১৫। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা
১৬। মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা
১৭। যুগ্মসচিব (বাজেট) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১৮। যুগ্মসচিব (পরিকল্পনা) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১৯। যুগ্মসচিব (হাসপাতাল) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২০। যুগ্মসচিব (উন্নয়ন) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২১। যুগ্মসচিব (জনস্বাস্থ্য) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২২। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা
২৩। উপসচিব (প্রশাসন-০১) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২৪। উপসচিব (প্রশাসন-০২) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২৫। উপসচিব (প্রশাসন-০৩) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২৬। উপসচিব (প্রশাসন-০৪) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

২৭। চিফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালি, ঢাকা
২৮। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২৯। ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালি, ঢাকা
৩০। সহকারী সচিব (ডিডিও), হিসাব শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

<u>সদয় অবগতি ও কার্যার্থেঃ</u>

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা। (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৭/২/২১

(মোহাম্মদ ইকবাল হোসেন)
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

**বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ২০২১-২০২২ অর্থবছরের ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।**

সভাপতি : লোকমান হোসেন মিয়া, সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্থান : মন্ত্রণালয় সম্মেলন কক্ষ (ভবন নং# ৩, কক্ষ নং#৩৩২)
তারিখ ও সময় : ২৯.০৮.২০২১ খ্রিঃ, বেলা: ৩:০০ ঘটিকা

সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত ২০২১-২০২২ অর্থবছরের ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর, ২০২১) সভার কার্যক্রম শুরু করেন।তিনি কোভিড-১৯ পরিস্থিতিতে বর্তমান সরকার কর্তৃক গৃহীত পদক্ষেপগুলো শুদ্ধাচার চর্চার মাধ্যমে সকল স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানসমূহে বাস্তবায়ন করার তাগিদ দেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মোহাম্মদ ইকবাল হোসেন, উপসচিব (প্রশাসন-৪) সভার কার্যপত্র উপস্থাপন করেন।

২. সভায় উপস্থিত সদস্যগণের সর্বসম্মতিক্রমে গত ০৭.০৬.২০২১ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ২০২০-২০২১ অর্থবছরের ৪র্থ কোয়ার্টারের সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। অত:পর সভায় নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.১ | সভায় ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার নতুন দিকগুলো নিয়ে বিস্তারিত আলোচনা হয়। পূর্বে কর্মপরিকল্পনাগুলো ১০০ নম্বরে মূল্যায়ন করা হতো। কিন্তু নতুন অর্থবছরের পরিকল্পনাটি ৫০ নম্বরে মূল্যায়ন করা হবে । তবে মোট নম্বরের পরিমান কমলেও উক্ত পরিকল্পনা বাস্তবায়নের বিষয়টি এপিএর সাথে সমন্বিতভাবে মূল্যায়ন হওয়ায় এর গুরুত্ব অপরিসীম। এ পরিকল্পনার মধ্যে প্রাতিষ্ঠানিক ব্যবস্থায় রয়েছে ২২ নম্বর। আর্থিক ব্যবস্থাপনা ও উন্নয়নে রয়েছে ৮ নম্বর এবং শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রমে ২০ নম্বর। সভাপতি শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনাটি যথাযথ গুরুত্বসহকারে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেন। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনাটি যথাযথ গুরুত্বসহকারে বাস্তবায়ন করতে হবে। | সংশ্লিষ্ট অনুবিভাগ/প্রশাসন-৪ |
| ২.২ | **প্রাতিষ্ঠানিক ব্যবস্থা :** আলোচনায় নিয়মিত নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠান এবং সভায় গৃহীত সিদ্ধান্তগুলো বাস্তবায়নের উপর বিশেষ জোর দেওয়া হয়। এছাড়া সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজন সভা নির্ধারিত সময়ে আয়োজনের বিষয়ে জোর দেয়া হয়। শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ এবং কর্মপরিবেশের উন্নয়নের প্রতি নজর দিতে বলা হয়। বিশেষ করে ১. কোভিড সংক্রান্ত স্বাস্থ্যবিধি অনুসরণ, ২. টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ ও ৩. মন্ত্রণালয় চত্বর পরিচ্ছন্নকরণ বিষয়টি আলোচিত হয়। এছাড়া, প্রথম ত্রৈমাসিক লক্ষ্যমাত্রাগুলো নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার বিষয়েও আলোচনা হয়। | ১) কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ে বাস্তবায়নপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।<br>২) সেপ্টেম্বর মাসের প্রথম সপ্তাহে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | প্রশাসন-৪ **ও হিসাব শাখা** |

| | | | |
|---|---|---|---|
| ২.৩ | **আর্থিক ব্যবস্থাপনা ও উন্নয়ন :**<br>সভায় বার্ষিক ক্রয় পরিকল্পনা, বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যমাত্রা ও পিআইসি সভা এবং প্রকল্প শেষে সম্পদ হস্তান্তরবিধি বিষয়ে বিষদ আলোচনা হয়। নির্ধারিত সময়ে উন্নয়ন ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে আপলোড না হওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। লক্ষ্যমাত্রা পুন:নির্ধারণ করে প্রকল্পের অনুমোদিত ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হয়। বার্ষিক উন্নয়ন কর্মসূচি নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন বিষয়ে আলোচনা হয়। পরবর্তী মাসের মধ্যে নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী পিএসসি ও পিআইসি সভা আয়োজন করতে অনুরোধ জানানো হয়। | ১) প্রকল্পের ক্রয় পরিকল্পনা দ্রুত অনুমোদন করতে হবে।<br>২) প্রকল্পের অনুমোদিত ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে আপলোড লক্ষ্যমাত্রা পুন:নির্ধারণ করতে হবে।<br>৩) বার্ষিক উন্নয়ন কর্মসূচি নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়নে সচেষ্ট হতে হবে।<br>৪) সেপ্টেম্বর মাসের মধ্যে নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী পিএসসি ও পিআইসি সভা আয়োজন করতে হবে। | উন্নয়ন ও পরিকল্পনা অনুবিভাগ |
| ২.৪ | **শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম :**<br>দেশের স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানসমূহে দূর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। স্বাস্থ্য অধিদপ্তর/ স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর পরিদর্শন ও পরিবীক্ষণে সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধানকে দায়িত্ব দেওয়া হয়। ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের অ্যাম্বুলেন্স ব্যবস্থাপনায় শৃংখলা আনয়ন, পঙ্গু হাসপাতালে রোগী ভর্তির ক্ষেত্রে অনিয়ম ও বিশৃংঙ্খলা বন্ধকরণে অতিরিক্ত সচিবদের দায়িত্ব বন্টন করা হয়। জেলা হাসপাতালে স্বাস্থ্য সেবা কাজে নিয়োজিত স্বাস্থ্যকর্মীদের নিয়মিত উপস্থিতি ও পরিস্কার পরিচ্ছন্নতা নিশ্চিতকরণে যুগ্মসচিবদের দায়িত্ব বন্টন করা হয় এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ক্রয় কার্যে স্বচ্ছতা নিশ্চিতকল্পে উপসচিব পর্যায়ের কর্মকর্তাদের দায়িত্ব বন্টন করা। | ১) স্বাস্থ্য অধিদপ্তর পরিদর্শন ও পরিবীক্ষণ করবেন অতিরিক্ত সচিব প্রশাসন।<br>২) স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর পরিদর্শন ও পরিবীক্ষণ করবেন অতিরিক্ত সচিব উন্নয়ন।<br>৩) ঔষধ প্রশাসন অধিদপ্তর পরিদর্শন ও পরিবীক্ষণ করবেন অতিরিক্ত সচিব ঔষধ প্রশাসন।<br>৪) নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর পরিদর্শন ও পরিবীক্ষণ করবেন অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর।<br>৫) ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের অ্যাম্বুলেন্স ব্যবস্থাপনায় শৃংখলা আনয়নের দায়িত্ব পালন করবেন অতিরিক্ত সচিব (উন্নয়ন)।<br>৬) পঙ্গু হাসপাতালে রোগী ভর্তির ক্ষেত্রে অনিয়ম ও বিশৃংঙ্খলা বন্ধকরণের দায়িত্ব পালন করবেন অতিরিক্ত সচিব (বিশ্বস্বাস্থ্য)।<br>৭) জেলা পর্যায়ের হাসপাতালে স্বাস্থ্য সেবা কাজে নিয়োজিত স্বাস্থ্যকর্মীদের নিয়মিত উপস্থিতি ও পরিস্কার পরিচ্ছন্নতা নিশ্চিতকরণে বরিশাল জেলা সদর হাসপাতালে যুগ্মসচিব, (প্রশাসন ও হাসপাতাল) এবং রংপুর জেলা সদর হাসপাতালে যুগ্মসচিব (উন্নয়ন ও জনস্বাস্থ্য) দায়িত্ব পালন করবেন। | সংশ্লিষ্ট অনুবিভাগ ও দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণ |

| | | | |
|---|---|---|---|
| | | ৮) উপজেলা পর্যায়ে স্বাস্থ্য কমপ্লেক্সের ক্রয় কার্যে স্বচ্ছতা নিশ্চিত করতে খুলনার কয়রা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে দায়িত্ব পালন করবেন উপসচিব (প্রশাসন-০১ ও ০২) এবং সুনামগঞ্জের শাল্লা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের দায়িত্ব পালন করবেন উপসচিব (প্রশাসন-০৩ ও ০৪)। | |

৩. আলোচনা শেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করেন।

(লোকমান হোসেন মিয়া)
সিনিয়র সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়